

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ১৪, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ৩০ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/১৪ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৬.৩২৭—গত ৮ নভেম্বর ২০১৭ তারিখে প্যারিসে অনুষ্ঠিত ইউনেসকো-এর নির্বাহী বোর্ডের নির্বাচনে বাংলাদেশ সদস্য হিসাবে নির্বাচিত হয়। এই নির্বাচনে ভোটদানের জন্য যোগ্য মোট ১৮৪টি দেশের মধ্য হতে ১৪৪টি দেশের সমর্থন পেয়ে টানা তৃতীয়বারের মতো বাংলাদেশ জয়লাভ করে।

২। ইউনেসকো-এর নির্বাহী বোর্ডে বাংলাদেশ সদস্য হিসাবে নির্বাচিত হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে, মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করে এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ ইউনেসকো জাতীয় কমিশনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে মন্ত্রিসভার ২৯ কার্তিক ১৪২৪/১৩ নভেম্বর ২০১৭ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

এন. এম. জিয়াউল আলম

সচিব, সমন্বয় ও সংস্কার

(১৬৮২৫)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা: ২৯ কার্তিক ১৪২৪
১৩ নভেম্বর ২০১৭

গত ৮ নভেম্বর ২০১৭ তারিখে ফ্রান্সের প্যারিসে অনুষ্ঠিত ইউনেসকো-এর নির্বাহী বোর্ডের নির্বাচনে বাংলাদেশ সদস্য হিসাবে নির্বাচিত হয়। এই নির্বাচনে গ্রুপ-৪ অর্থাৎ এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল হতে বাংলাদেশ প্রতিদ্বন্দ্বিতা করে। বাংলাদেশ ছাড়াও এই গ্রুপ হতে আরও ৬টি দেশ যথা: ভারত, চীন, জাপান, ফিলিপাইন, ইন্দোনেশিয়া এবং কুক আইল্যান্ড নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে। এই নির্বাচনে ভোটদানের জন্য যোগ্য মোট ১৮৪টি দেশের মধ্য হতে ১৪৪টি দেশের সমর্থন পেয়ে টানা তৃতীয়বারের মতো বাংলাদেশ জয়লাভ করে।

মন্ত্রিসভা মনে করে যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সার্বক্ষণিক মূল্যবান পরামর্শ ও সমর্থন এই সদস্যপদ লাভের পথ সুগম করেছে। প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্ব, আন্তর্জাতিক পরিমণ্ডলে তাঁর উজ্জ্বল ভাবমূর্তি, তাঁর প্রতি বন্ধু-প্রতিম দেশসমূহের আন্তরিক সমর্থন ও সহযোগিতার ফলেই বাংলাদেশ এ পদে তৃতীয়বারের মতো নির্বাচিত হতে সক্ষম হয়েছে।

একের পর এক গুরুত্বপূর্ণ সম্মাননা লাভ আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের অবস্থানকে আরও সুসংহত করেছে। এর ধারাবাহিকতায় ইউনেসকো-এর নির্বাহী বোর্ডে বাংলাদেশ সদস্য হিসাবে নির্বাচিত হওয়ায় বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

এই সদস্যপদ লাভে কার্যকর ভূমিকা রাখার জন্য সংশ্লিষ্ট সকলের নিরলস প্রয়াস প্রশংসার দাবিদার। বিশেষ করে মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ কর্তৃক বিভিন্ন দেশের প্রতিনিধিদলের প্রধানদের সঙ্গে নিবিড় যোগাযোগের মাধ্যমে বাংলাদেশের পক্ষে নির্বাচনী প্রচারণা এ অনন্য জয়ের পক্ষে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। এ পরিপ্রেক্ষিতে মন্ত্রিসভা মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করছে। এ ছাড়া, মন্ত্রিসভা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ ইউনেসকো জাতীয় কমিশনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd